# অন্তর্বর্তীকালীন সরকারের বিগত ০৩ (তিন) মাসের উল্লেখযোগ্য কার্যক্রমসংক্রান্ত প্রতিবেদন
## জনপ্রশাসন মন্ত্রণালয়

- বিগত ০৩ মাসে (আগস্ট-অক্টোবর) সিনিয়র সচিব/সচিব পদে ১২ জন, গ্রেড-১ পদে ০৩ জন, অতিরিক্ত সচিব পদে ১৩৫ জন, যুগ্মসচিব পদে ২২৬ জন, উপসচিব পদে ১২৫ জন, অন্যান্য ক্যাডারে ২২১ জন, সিনিয়র সহকারী সচিব (নন-ক্যাডার) পদে ০৯ জন এবং সহকারী সচিব (নন-ক্যাডার) পদে ৩৭ জনসহ **সর্বমোট ৭৬৮ জনকে** পদোন্নতি প্রদান করা হয়েছে;

- বর্ণিত সময়ে সিনিয়র সচিব/সচিব পদে ৪৩ জন, গ্রেড-১ পদে ১১ জন, অতিরিক্ত সচিব পদে ১৩৭ জন, যুগ্মসচিব পদে ১৭৩ জন, উপসচিব পদে ৩৯১ জন, বিভাগীয় কমিশনার ০৪ জন; অতিরিক্ত বিভাগীয় কমিশনার ০৩ জন; জেলা প্রশাসক ৫৯ জন, অতিরিক্ত জেলা প্রশাসক ১১৮ জন, উপজেলা নির্বাহী অফিসার পদে ১৬৫ জন, সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব পদে ৪১৪ জন, সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার ৮৩ জন, সশস্ত্র বাহিনীর কর্মকর্তা ১২৬ জন, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/আইন কর্মকর্তা/মেরিন সেফটি অফিসার ৩৯ জন, উপপরিচালক/পরিচালক (স্থানীয় সরকার) ১৮ জন, জেলা পরিষদের প্রধান নির্বাহী ও নির্বাহী ৩০ জন, জোনাল সেটেলমেন্ট অফিসার ১৮ জন, চার্জ অফিসার ০৬ জন, পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা ১৯ জন, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার ০৩ জন এবং অন্যান্য ১০জনসহ **সর্বমোট ১৮৭০ জন** বদলি করা হয়েছে;

- বিগত ০৩ মাসে ০৪ জন কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসর প্রদান করা হয়েছে;

- সহকারী সচিব হতে সিনিয়র সচিব/সচিব পর্যায় পর্যন্ত ৮০ জন কর্মকর্তাকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে;

- বর্ণিত সময়ে ১০১ জন কর্মকর্তার চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করা হয়েছে;

- এ সময়ে ৬৫ জনকে রাষ্ট্রীয় বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগ প্রদান করা হয়েছে **(যেমন-রাশিয়া, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরবসহ বিভিন্ন দেশের রাষ্ট্রদূত নিয়োগ, বিভিন্ন সংস্থার চেয়ারম্যান, হাসপাতালসমূহের ডাক্তার, বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালক ইত্যাদি)**;

- বিগত ০৩ মাসে ০৭ জন কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে।

### বিগত ০৩ মাসে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রম :

(১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় ২০০৯ সাল থেকে ২০২৪ সালের ৪ আগস্ট পর্যন্ত চাকুরি থেকে অবসর গ্রহণ করেছেন এবং উল্লিখিত সময়ে পদোন্নতি বঞ্চিত হয়েছেন বা অন্য কোন বঞ্চনার শিকার হয়েছেন এমন কর্মকর্তাদের আবেদন পর্যালোচনাপূর্বক যথাযথ সুপারিশ প্রণয়নের জন্য পদোন্নতি বঞ্চনা নিরসন কমিটি গঠন করা হয়েছে;

(২) জনপ্রশাসন সংস্কার সম্পর্কিত বিভিন্ন বিষয়ে নাগরিকদের মতামত সংগ্রহের জন্য প্রশ্নমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে;

(৩) সরকারি কর্মচারীদের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সম্পদ বিবরণী দাখিলের জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়েছে;

(৪) জুলাই-আগস্টের ছাত্র জনতার অভ্যুত্থানের ইতিহাস সংরক্ষণ, শহীদ ও আহতদের পূর্ণাঙ্গ তালিকা চূড়ান্তকরণ, আহতদের চিকিৎসা এবং তাদের পরিবারবর্গকে সহায়তা প্রদানের লক্ষ্যে গণ-অভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেলে দলনেতা হিসেবে অতিরিক্ত সচিব পদমর্যাদার ০১ জন এবং সদস্য হিসেবে আরও ০৪ জন উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয়েছে;

CamScanner

(৫) দুর্গাপূজা উপলক্ষ্যে ১০ অক্টোবর ২০২৪ তারিখে বৃহস্পতিবার নির্বাহী আদেশে দেশব্যাপী সাধারণ ছুটি ঘোষণা করে দুর্গাপূজার ছুটি ১ দিন হতে ২ দিন করা হয়েছে। পূর্বের ৩ দিনের সাধারণ ও নির্বাহী আদেশের ছুটিকে বৃদ্ধি করে ২০২৫ সালে ঈদ-উল-ফিতরের ছুটি ৫ দিন এবং ঈদ-উল-আযহার ছুটি ৬ দিন করা হয়েছে;

(৬) সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা বৃদ্ধির বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য কমিটি গঠনের প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩২ বছর করার বিষয় উপদেষ্টা পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে;

(৭) বৈদেশিক সরকারের অর্থায়নে জাপানে ০১ জন, দক্ষিণ কোরিয়ায় ১৫ জন ও চীনে ০২ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন;

(৮) বিগত ০৩ মাসে এ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে ৬০৭ জনকে বুনিয়াদি প্রশিক্ষণ, এসিএডি কোর্সে ২৭ জন, পিপিএমসি কোর্সে ১৭ জন ও এসএসসি কোর্সে ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া আইন ও প্রশাসন কোর্সে ১৫০ জন, সার্ভে এন্ড সেটেলমেন্ট কোর্সে ১৮০ জন এবং এসডিপিএম কোর্সে ২০ জনকে প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে এবং বর্তমানে উক্ত প্রশিক্ষণ কোর্সসমূহ চলমান রয়েছে;

(৯) ৪৩তম বিসিএসের মাধ্যমে ২০৬৪ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। ৪৭তম বিসিএস-এ ৩৪৬৭টি শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ জানানো হয়েছে;

(১০) বাংলাদেশ সিভিল সার্ভিস পরীক্ষায় একজন প্রার্থী সর্বোচ্চ 'চার বার' অংশগ্রহণ করার প্রস্তাব উপদেষ্টা পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত প্রস্তাব অধ্যাদেশ আকারে জারির জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং-এর জন্য প্রেরণ করা হয়েছে;

(১১) সরকারি যানবাহন অধিদপ্তর কর্তৃক সদ্য ক্রয়কৃত ২৬১টি পাজেরো স্পোর্টস QX মডেলের গাড়ির মধ্যে ০৮টি বিভাগীয় কমিশনারের অনুকূলে, ৬৪টি জেলা প্রশাসকের অনুকূলে, ৬০টি উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে হস্তান্তর করা হয়েছে এবং বাকি গাড়িগুলো বিতরণ প্রক্রিয়াধীন আছে;

(১২) সরকারি কর্মচারী হাসপাতালে অপারেশন থিয়েটার ৪ থেকে ১০ শয্যায় উন্নীতকরণ, কার্ডিয়াক ক্যাথ ল্যাব চালু, কিডনি ডায়ালাসিস সেন্টার, চিকিৎসা সেবা বিভাগের সংখ্যা ১৭ থেকে ৩১ এ উন্নীতকরণ এবং দৈনিক সেবা প্রদানে সক্ষমতা ৫০০ থেকে ১৫০০ জনে উন্নীতকরণ;

(১৩) জেলা পর্যায়ে অবস্থিত সার্কিট হাউজের কক্ষের ভাড়া/রেট পুন:নির্ধারণ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়েছে;

(১৪) সরকারি কাজে গতিশীলতা আনয়ন এবং দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারে তৎপর হওয়ার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর-সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে;

(১৫) সড়ক ও মহাসড়কে নিরাপদ, যানজটমুক্ত ও গতিশীল যান চলাচল নিশ্চিতকল্পে জননিরাপত্তা বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অনুরোধ জানিয়ে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ০৬টি বিষয়ে পরামর্শ প্রদান করেছেন;

(১৬) জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মচারীগণের পদায়ন নীতিমালা, ২০২২-এর কতিপয় বিষয় সংশোধন করা হয়েছে। The Bangladesh Civil Service Recruitment Rules, 1981- এর Schedule-II এর Part-III ভুক্ত 'B' (Department of Agricultural Marketing) অংশ সংশোধন করা হয়েছে;

(১৭) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড থেকে বিগত ৩(তিন) মাসে সাধারণ চিকিৎসা বাবদ ৪,৯৭৪ জনকে ১১,৯৮,১৯,০০০/- (এগারো কোটি আটানব্বই লক্ষ উনিশ হাজার) টাকা, জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা

CamScanner

বাবদ বিগত ৩(তিন) মাসে ২৬৯ জনকে ৫,০৩,৩৯,০০০/-(পাঁচ কোটি তিন লক্ষ উনচল্লিশ হাজার) টাকা, যৌথবীমার এককালীন অনুদান বাবদ ৪৪২ জনকে ৮,১৪,০১,০০০/- (আট কোটি চৌদ্দ লক্ষ এক হাজার) টাকা, মাসিক কল্যাণ অনুদান বাবদ ৫২৯ জনকে ১২,৫০,০৭,০০০/-(বারো কোটি পঞ্চাশ লক্ষ সাত হাজার) টাকা এবং দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান বাবদ ৫৬৯ জনকে ৪৭,৫৬,০০০/- (সাতচল্লিশ লক্ষ ছাপান্ন হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে;

(১৮) কর্মকর্তাদের বদলি/পদায়নের ক্ষেত্রে সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS)-এর ডিজিটাল ডেটাবেইজে হালনাগাদ করা হয়েছে। সমন্বিত সার্ভিস রেজিস্টার প্রস্তুতকরণের জন্য সফ্‌টওয়্যার তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারি সকল আইন, বিধি, নীতিমালা, পরিপত্র ও নির্দেশিকাসমূহের সমন্বিত প্ল্যাটফরম তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

(১৯) চাকরির শর্তসংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মতামতের আর্কাইভ প্রস্তুতকরণের জন্য সফ্‌টওয়্যার তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে;

(২০) ১৪৯টি সরকারি প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামোর তথ্যাদি 'সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি' (GEMS) সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং আরো ২২০টি সাংগঠনিক কাঠামোর তথ্যাদি উক্ত সিস্টেমে অন্তর্ভুক্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে;

(২১) "বেসামরিক প্রশাসনে চাকুরিরত অবস্থায় কোনো সরকারি কর্মচারীর মৃত্যুবরণ এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত আর্থিক অনুদান প্রদান নীতিমালা ২০২০ (সংশোধিত)" অনুযায়ী মন্ত্রণালয়/ বিভাগ/জেলা হতে প্রাপ্ত আবেদন "সরকারি কর্মচারী ব্যবস্থাপনা সফটওয়্যার (GEMS)" এর মাধ্যমে EFT সুবিধা প্রদান করা হয়েছে;

(২২) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল অনলাইন সেবা একক রেজিস্ট্রেশন সিস্টেমের আওতায় একটি প্ল্যাটফর্মে আনয়নের লক্ষ্যে Single Sign On (SSO) সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে;

৩

CamScanner